

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
সেগুন বাগিচা, ঢাকা।

[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

অফিস আদেশ

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০১.২০১৭ (অংশ-১)/২৬২

তারিখ : ০৬/০৭/২০২১ খ্রি:।

বিষয়: শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর (ডেডো) কর্তৃক ইনপুট আউটপুট কো এ্যাফিশিয়েন্ট বা সহগ ইস্যু সংক্রান্ত।

সূত্র: কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা এর পত্র নথি নং-৫(১৩)৩৪/কাস-বিবিধ/২০০৩/অংশ-৩/২০০৭/৬৭৩৬, তারিখ: ১৪/০৬/২০২১ খ্রি:।


শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর (ডেডো) থেকে সহগ প্রদানের ক্ষেত্রে ইতোপূর্বে কোন সময়সীমা ছিল না। বর্তমানে কোন ক্ষেত্রে পাঁচ (০৫) বছর, আবার কোন ক্ষেত্রে তিন (০৩) বছর মেয়াদ প্রদান করা হয়। মেয়াদ শেষ হয়ে যাওয়ার পরবর্তীতে ডেডো হতে পুনরায় সহগ ইস্যু করা হয়। এসব সহগ নবায়ন ও পুনরায় জারি সময় সাপেক্ষ; ফলে ইউপি ইস্যুর ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হচ্ছে। এছাড়াও অনেক প্রতিষ্ঠানের সহগের মেয়াদ না থাকায় ইউপি ইস্যুর ক্ষেত্রে বৈসাদৃশ্য সৃষ্টি হচ্ছে। পণ্যের বৈশিষ্ট্য বা আকৃতির পরিবর্তন না হলে, সম-সাময়িককালে সমজাতীয় পণ্যের সহগ থাকলে, মেশিনারীজ, লিকার রেশিও (liquor ratio) এবং অপচয়ের হারের সাথে পূর্বের প্রদত্ত সহগের অপচয়ের হারের কোন তারতম্য না থাকলে সহগের মেয়াদ থাকা বাঞ্ছনীয় নয়।

০২। এমতাবস্থায়, সার্বিক পর্যালোচনায় রপ্তানি বাণিজ্যের প্রসার ও গতিশীলতার লক্ষ্যে The Customs Act, 1969 এর Section 219B. এর প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, ইনপুট আউটপুট কো এ্যাফিশিয়েন্ট বা সহগ ইস্যু সংক্রান্ত নিম্ন বর্ণিত আদেশ জারি করা হল :

- শিল্প প্রতিষ্ঠানের মেশিনারীজ, লিকার রেশিও (liquor ratio), উৎপাদিত পণ্যের উপকরণ ও অপচয়ের হার পরিবর্তন না হলে সহগের কোন নির্দিষ্ট সময়সীমা থাকবে না;
- ব্যতিক্রমি পরিস্থিতিতে, সহগের সময়সীমা নিয়ে কোন জটিলতা সৃষ্টি হলে, ডেডো জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদনক্রমে তা নিরসন করবে।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,



(মো: মশিয়ার রহমান মন্ডল)

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

ফোন-০২-৮৩১৮১২২, এক্স-৩৪৩

ই-মেইল-ssbondnbr@gmail.com

প্রাপক:

মহাপরিচালক

শুল্ক: রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর (ডেডো)


ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০১.২০১৭ (অংশ-১)/

তারিখ : ০৬/০৭/২০২১ খ্রি:।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১-০২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
- ০৩। কমিশনার, কাস্টম হাউস, মোংলা, খুলনা।
- ০৪-০৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর/যশোর/কুমিল্লা/সিলেট/রাজশাহী।
- ০৯। মহাপরিচালক, গুদ্র: গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
- ১০। প্রকল্প পরিচালক, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ১১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। [আদেশটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ]
- ১২। পি.এস.টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ১৩। পি. এ. টু সদস্য গ্রেড-১ (কাস্টমস: রপ্তানি বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ১৪-১৫। অফিস/গার্ড কপি।



(মো: মশিয়ার রহমান মন্ডল)

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

ফোন-০২-৮৩১৮১২২, এক্স-৩৪৩

ই-মেইল-ssbondnbr@gmail.com